বর্ডার গার্ড বাংলাদেশ এর মাসিক প্রকাশনা

# বিজিবি বুলেটিন

● দ্বিতীয় বর্ষ ● ৪র্থ সংখ্যা ● চৈত্র-বৈশাখ ১৪২৭-১৪২৮ ● এপ্রিল ২০২১



০১ এপ্রিল ২০২১ তারিখে বিজিবি সদর দপ্তর, পিলখানায় বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন Lieutenant General Rajeev Chaudhry, VSM, Director General, Border Roads Organization, India.

## সূচিপত্র


- সচিবালয়ে সৌজন্য সাক্ষাৎ
- র‌্যাংক ব্যাজ পরিধান
- উন্নয়নমূলক কর্মকাণ্ড
- ৯৬তম রিক্রুট ব্যাচের মৌলিক প্রশিক্ষণ
- সুবেদার মেজর (অবসর)
- কল্যাণমূলক কর্মকাণ্ড
- করোনা ভাইরাস
- মৃত্যু প্রতিবেদন
- সিজার প্রতিবেদন
- দৃষ্টান্তমূলক শাস্তির বিবরণ
- জনসচেতনতামূলক সভা
- অপারেশন ও প্রশিক্ষণ কার্যক্রম
- বঙ্গবন্ধু ৯ম বাংলাদেশ গেমস-২০২০


bgbbuletin@gmail.com
www.bgb.gov.bd



১৩ এপ্রিল ২০২১ তারিখে বিজিবি সদর দপ্তর, পিলখানায় বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন Wang Heng, GM, Asia-Pacific Dept, NORINCO.



০৭ এপ্রিল ২০২১ তারিখে মহাপরিচালক এর সচিবালয়ে ব্রিগেডিয়ার জেনারেল রাকিবুল করিম চৌধুরী, এএফডব্লিউসি, পিএসসি (কর্নেল হতে ব্রিগেডিয়ার জেনারেল পদে পদোন্নতি প্রাপ্ত) কে র‌্যাংক ব্যাজ পরিয়ে দেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।



কুড়িগ্রাম ব্যাটালিয়ন (২২ বিজিবি) এর দায়িত্বপূর্ণ এলাকায় নির্মাণ করা হচ্ছে প্রিফেব্রিকেটেড টাইপ বিওপি।



৩১ জানুয়ারি ২০২১ হতে ১৫ জুলাই ২০২১ তারিখ পর্যন্ত বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজের ব্যবস্থাপনায় পরিচালিত ৯৬তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণের শরীর চর্চার স্থিরচিত্র।

## সুবেদার মেজর (অবসর)



জেসিও-৬৬১০ সুবেদার মেজর
মোঃ আজিজুর রহমান
তিস্তা-২ ব্যাটালিয়ন (৬১ বিজিবি)
অবসরের তারিখ ঃ ১৮-০৪-২১



জেসিও-৬৬৩২ সুবেদার মেজর
মোঃ সিরাজুল ইসলাম
বিএসবি, ঢাকা
অবসরের তারিখ ঃ ১৮-০৪-২১



জেসিও-৬৭০৩ সুবেদার মেজর
মোঃ কাজী রফিকুল ইসলাম
পত্নীতলা ব্যাটালিয়ন (১৪ বিজিবি)
অবসরের তারিখ ঃ ১৮-০৪-২১

## কল্যাণমূলক কর্মকাণ্ড

| ক্রমিক | কাজের বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১। | সীমান্ত তহবিল হতে বিজিবি সদস্য এবং তাদের পরিবারবর্গের কল্যাণার্থে ও উন্নয়নমূলক কাজে ব্যয় | ৩,১৫,৭৫,০৬৪/- |
| ২। | বিজিবি স্বাস্থ্য সহায়তা তহবিল হতে ০৪ জন বিজিবি সদস্যকে চিকিৎসার জন্য অনুদান প্রদান | ৯,৪৯,৫৮৮/- |

## করোনা ভাইরাস

এপ্রিল ২০২১ মাস পর্যন্ত ৫৩০ জন বিজিবি সদস্য কোভিড-১৯ এ আক্রান্ত হয়েছে। এর মধ্যে সুস্থ হয়েছে ৪৯৮ জন এবং মৃত্যুবরণ করেছে ৯ জন। সুস্থতার হার প্রায় ৯৪%।

## মৃত্যু প্রতিবেদন

| ক্রমিক | নং, পদবি ও নাম | ইউনিট | মৃত্যুর তারিখ | মৃত্যুর কারণ |
|---|---|---|---|---|
| ১। | বাবুর্চি-২৫৬৮ বাবুর্চি মোঃ দেলোয়ার হোসেন | সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি) | ০২-০৪-২১ | CARDIO RESPIRATORY FAILURE DUE TO TVCAD WITH HEART FAILURE WITH HTN WITH DM. |
| ২। | জেসিও-৭৩২১ সুবেদার আলতাফ হোসেন | ঠাকুরগাঁও ব্যাটালিয়ন (৫০ বিজিবি) | ১৪-০৪-২১ | HEPATOCELLULAR CARCINOMA ON TOP DECOMPENSATED CIRRHOSIS WITH DM WITH HTN. |
| ৩। | বাবুর্চি-২৪৬৫ বাবুর্চি মোঃ মকবুল হোসেন | খুলনা ব্যাটালিয়ন (২১ বিজিবি) | ২৪-০৪-২১ | DUE TO RT SIDED BRONCHIAL GROUTH WITH (NON SMALL CELL CARCINOMA). |
| ৪। | নং ৯৭১৭৩ সিপাহী আলমগীর হোসেন | যামিনীপাড়া ব্যাটালিয়ন (২৩ বিজিবি) | ২৮-০৪-২১ | বজ্রপাতে মৃত্যু |

## সিজার প্রতিবেদন

এপ্রিল ২০২১ মাসে ১১২,৬০,২১,৬৭১/- টাকা মূল্যের মাদকদ্রব্য এবং চোরাচালানী পণ্য আটক করা হয়েছে। আটককৃত মাদকদ্রব্যের মধ্যে ১৬,৯৮,৬৮৯ পিস ইয়াবা ট্যাবলেট, ১৭,৮৪৬ বোতল ফেনসিডিল, ১২.৭৯১ কেজি হেরোইন, ১৭,৯২৭ বোতল বিদেশি মদ, ১,০৮০ বোতল বিয়ার, ১৫৯.৫ লিটার দেশি মদ, ১৭৪২.১৭২ কেজি গাঁজা, ২৪৩ টি নেশাজাতীয় ইনজেকশন রয়েছে। বিভিন্ন প্রকারের উদ্ধারকৃত অস্ত্র ও গোলাবারুদের মধ্যে রয়েছে ৫ টি পিস্তল, ৩ টি গান, ৬১০.১৫ কেজি বিস্ফোরক, ১৪ রাউন্ড গোলাবারুদ এবং ১১ টি ককটেল। এ ব্যাপারে ৪,৪৬০ টি মামলা দায়ের এবং ৩৮৭ জন চোরাকারবারিকে আটক করা হয়েছে।

## দৃষ্টান্তমূলক শাস্তির বিবরণ

| ক্রমিক | রেজিঃ নং, পদবি, নাম ও ইউনিট | অপরাধের বিবরণ, প্রদত্ত শাস্তি ও শাস্তি প্রদানের তারিখ |
|---|---|---|
| ১। | নম্বর-৮৫৩৩৮ সিপাহী<br>আলমগীর হোসেন<br>রাজশাহী ব্যাটালিয়ন (১ বিজিবি) | ১ম স্ত্রী এবং কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে গত ২৭ আগস্ট ২০২০ তারিখে জনৈকা মোছাঃ জিনিয়া নাছরীন এর সাথে ২য় বিবাহ বন্ধনে আবদ্ধ হয়। এছাড়া উক্ত সৈনিক সামাজিক যোগাযোগ মাধ্যম (BIGO LIVE APPS) এর অপব্যবহার করে এবং বিভিন্ন সময় ১ম স্ত্রী'কে শারীরিক ও মানসিক নির্যাতন করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ : ০১-০৪-২১।** |
| ২। | নম্বর-৯৫৪৩৮ সিপাহী সহকারী<br>মোঃ আবু তাহের<br>পঞ্চগড় ব্যাটালিয়ন (১৮ বিজিবি) | ইউনিট লাইন হতে পলায়ন করে স্বেচ্ছায় কর্মস্থলে যোগদান, কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত ২৫ বছর বয়স পূর্তির পূর্বে বিবাহ, চাকুরির প্রতি অনীহা, উর্দ্ধতন এর সাথে ঔদ্ধত্যপূর্ণ ও অসৈনিকসুলভ আচরণ এবং আত্মহত্যার মত জঘন্য অপরাধমূলক পথ বেছে নেয়ার অভিমত ব্যক্ত করায়। **প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ : ০১-০৪-২১।** |
| ৩। | ৯৬তম ব্যাচের বক্ষ নং ৭১৫ রিক্রুট<br>সাদিয়া নওশীন সারা<br>বিজিটিসিএন্ডসি | প্রশিক্ষণ শুরু হওয়ার প্রথম থেকেই প্রশিক্ষণ গ্রহণে অনীহা প্রকাশ, শৃঙ্খলা পরিপন্থী অস্বাভাবিক আচরণ যেমন: চাকুরির প্রতি অনীহা, তদন্ত আদালতকে মিথ্যা বিবৃতি প্রদান এবং বিভিন্ন অজুহাত দেখিয়ে প্রশিক্ষণ কার্যক্রমে প্রায়ই অনুপস্থিত থাকার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ : ১৩-০৪-২১।** |
| ৪। | ৯৬তম ব্যাচের বক্ষ নং-৪৮১ রিক্রুট<br>মোঃ আশফাকুর রহমান<br>বিজিটিসিএন্ডসি | তার পিতা নম্বর-৫৪৫০৮ ল্যা. না. মোঃ ফরিদুল ইসলাম পূর্বে বিজিবি'তে চাকুরি করা সত্ত্বেও ভর্তিকালীন সময় তালিকাভুক্তির ফরমে ব্যক্তিগত তথ্যাবলি ফরম পুরণ করার সময় পিতার চাকুরীর তথ্যাদি গোপন রেখে মিথ্যা তথ্য প্রদান করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ : ১৩-০৪-২১।** |
| ৫। | ৯৬তম ব্যাচের বক্ষ নং ২৩৯ রিক্রুট<br>সিফাত উল্লাহ নাঈম<br>বিজিটিসিএন্ডসি | প্রশিক্ষণ গ্রহণে অনীহা প্রকাশ, শৃঙ্খলা পরিপন্থী অস্বাভাবিক আচরণ, আত্মহত্যার উদ্দেশ্যে সৈনিক লাইনে বিভিন্ন প্রকার ট্যাবলেট একসাথে সেবন, ব্লেড দিয়ে ইচ্ছাকৃতভাবে বাম হাতের কব্জিতে গুরুতর ক্ষত করে আত্মহত্যার চেষ্টা করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ : ১৩-০৪-২১।** |
| ৬। | ৯৬তম ব্যাচের বক্ষ নং-৫৭৭ রিক্রুট<br>মোঃ সিফাত ডাকুয়া<br>বিজিটিসিএন্ডসি | তার আপন মামা নম্বর-৬৩২৪৬ ল্যা. না. মোঃ আকবর হোসেন বিজিবি'তে কর্মরত থাকা সত্ত্বেও ভর্তিকালীন সময় তালিকভুক্তির ফরমে ব্যক্তিগত তথ্যাবলি ফরম পুরণ করার সময় মিথ্যা তথ্য প্রদান করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ : ১৩-০৪-২১।** |
| ৭। | নম্বর-৬৫৬০৬ নায়েক<br>মোঃ হাবিবুর রহমান<br>নওগাঁ ব্যাটালিয়ন (১৬ বিজিবি) | বিডিআর বিদ্রোহের ঘটনায় সরকার কর্তৃক দায়েরকৃত বিস্ফোরক মামলায় প্রসিকিউশন পক্ষের সাক্ষ্য প্রদানের নিমিত্তে সদর বিজি ব্যাটালিয়ন, ঢাকায় প্রেরণ করে। পরবর্তীতে সাক্ষ্য প্রদান শেষে সদর বিজি ব্যাটালিয়ন, ঢাকা কর্তৃক তাকে নিজ ইউনিটে ফেরত পাঠানো হয়। কিন্তু, উক্ত এনসিও যথা সময়ে ইউনিটে যোগদান না করে ০৬ জানুয়ারি ২০১৮ তারিখ হতে ৩০ সেপ্টেম্বর ২০২০ তারিখ পর্যন্ত (০২ বছর ০৮ মাস ০৪ দিন) অনুপস্থিত থেকে নিয়ম বহির্ভুতভাবে প্রতিমাসের বেতন, অন্যান্য ভাতাদি, পারিবারিক রেশনের মূল্য বাবদ সর্বমোট = ১২,৭৫,৪৭০.৭০ (বার লক্ষ পঁচাত্তর হাজার চারশত সত্তর টাকা সত্তর পয়সা) টাকা গ্রহণ করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ : ১৫-০৪-২১।** |
| ৮। | ৯৬তম ব্যাচের বক্ষ নং-৪৫৩৩ রিক্রুট<br>হাসিবুল হাসান সোহাগ<br>ময়মনসিংহ ব্যাটালিয়ন (৩৯ বিজিবি) | তার আপন খালাতো ভাই বিজিবি'তে কর্মরত থাকা সত্ত্বেও উক্ত রিক্রুট ভর্তিকালীন সময় তালিকাভুক্তির ফরমে ব্যক্তিগত তথ্যাবলিতে মিথ্যা তথ্য প্রদান করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে অব্যাহতি, শাস্তি প্রদানের তারিখ : ১৫-০৪-২১।** |
| ৯। | ৯৬তম ব্যাচের বক্ষ নং-৪৫৮২ রিক্রুট<br>ওমর আলী<br>ময়মনসিংহ ব্যাটালিয়ন (৩৯ বিজিবি) | তার পিতার জমি জাল দলিল করে নেয়া এবং পিতাকে মারার অভিযোগে তার পিতা কর্তৃক দায়েরকৃত মামলা বিজ্ঞ অতিরিক্ত চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ২নং আদালত, মানিকগঞ্জে চলমান থাকা সত্ত্বেও ভর্তিকালীন তালিকাভুক্তি ফরমে বিষয়টি উল্লেখ না করে তালিকাভুক্তি ফরমে মিথ্যা তথ্য প্রদান করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে অব্যাহতি, শাস্তি প্রদানের তারিখ : ১৫-০৪-২১।** |
| ১০। | ৯৬তম ব্যাচের বক্ষ নং-৪৬০৭ রিক্রুট<br>মোঃ তাসলিম আহমেদ<br>ময়মনসিংহ ব্যাটালিয়ন (৩৯ বিজিবি) | গত ০৪ আগস্ট ২০২০ তারিখে জনাবা হিমি আক্তার এর সাথে উভয় পরিবারের সম্মতিক্রমে বিবাহ বন্ধনে আবদ্ধ হয় এবং বিবাহিত হওয়া সত্ত্বেও ভর্তিকালীন অবিবাহিত হিসেবে তালিকাভুক্তি ফরমে মিথ্যা তথ্য প্রদান করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে অব্যাহতি, শাস্তি প্রদানের তারিখ : ১৫-০৪-২১।** |
| ১১। | ৯৬তম ব্যাচের বক্ষ নং-২০৯৬ রিক্রুট<br>সাকিব হাসান<br>ফুলবাড়ী ব্যাটালিয়ন (২৯ বিজিবি) | ভর্তিকালীন তালিকাভুক্তির ফরমে তার আপন মামা নম্বর-৫৯৭১৩ সিপাহী মোঃ সাইফুল ইসলাম বিজিবি হতে চাকুরিচ্যুত হওয়ার বিষয়টি গোপন করে মিথ্যা তথ্য প্রদান করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে অব্যাহতি, শাস্তি প্রদানের তারিখ : ২০-০৪-২১।** |
| ১২। | ৯৬তম ব্যাচের বক্ষ নং ৭০১ রিক্রুট<br>মোছাঃ শাম্মি আক্তার রিমা<br>বিজিটিসিএন্ডসি | SBC/ABC OVER LEFT SUBTROCHANTERIC REGION রোগ জনিত কারণে বিজি হাসপাতাল, ঢাকা এর বিশেষজ্ঞ চিকিৎসকের মতামত অনুযায়ী বিজিবি'র মৌলিক প্রশিক্ষণ চালিয়ে যাওয়ার সক্ষমতা না থাকায়।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে অব্যাহতি, শাস্তি প্রদানের তারিখ : ২১-০৪-২১।** |
| ১৩। | নম্বর-৬৭০৭৮ নায়েক<br>মোঃ ওবায়দুল ইসলাম<br>রামু ব্যাটালিয়ন (৩০ বিজিবি) | ২৫ কছর বয়স পূর্তির পূর্বে কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত গত ২৭ নভেম্বর ২০০৩ তারিখে রুপালী খাতুন এর সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়। পরবর্তীতে বিবাহযোগ্য বয়স পূর্ণ হলে বিবাহের তারিখ ১০ নভেম্বর ২০০৯ উল্লেখ পূর্বক ভুয়া কাবিননামা তৈরি করতঃ ইউনিটে জমা করে। বিবাহের পর স্ত্রী'র পরিবারের নিকট হতে যৌতুক গ্রহণ করা, স্ত্রীকে শারীরিক ও মানসিক নির্যাতন করা, স্ত্রী ও সন্তানদের ভরণ পোষণ না দিয়ে তাদের সাথে যোগযোগ বিছিন্ন রাখে। এছাড়া উক্ত এনসিও ১ম স্ত্রী ও কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত গত ২১ নভেম্বর ২০২০ তারিখে মোছাঃ বিলকিস আক্তার এর সাথে ২য় বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ : ৩০-০৪-২১।** |



২৬ এপ্রিল ২০২১ তারিখে জামালপুর ব্যাটালিয়ন (৩৫ বিজিবি) এর দাঁতভাংগা বিওপিতে জনসচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়।



২৬ এপ্রিল ২০২১ তারিখে আলীকদম ব্যাটালিয়ন (৫৭ বিজিবি) এর সাপাছড়া বিওপি'র দায়িত্বপূর্ণ দুর্গম পাহাড়ী এলাকায় এসআরপি পরিচালনা করা হয়।




০২ এপ্রিল ২০২১ তারিখে ফেনী ব্যাটালিয়ন (৪ বিজিবি) এর যশপুর বিওপি'র দায়িত্বপূর্ণ এলাকায় চোরাচালান বিরোধী টহল পরিচালনা করে টহলদল ০২ জন আসামীসহ বিভিন্ন ধরনের ৩৮০ ঘনফুট কাঠ এবং ০১ টি ট্রাক আটক করতে সক্ষম হয়। যার সর্বমোট সিজার মূল্য- ৫১,৯১,০০০/- টাকা।




০১ এপ্রিল ২০২১ তারিখে খুলনা ব্যাটালিয়ন (২১ বিজিবি) এর পুটখালী বিওপি'র টহল দল পাঁচভুলট সীমান্ত এলাকায় অভিযান পরিচালনা করে ১৫ টি স্বর্ণের বার (১.৭৪৯ কেজি), ০১টি ইজিবাইক এবং ০১ জন আসামী আটক করে।



২৮ এপ্রিল ২০২১ তারিখে রুমা ব্যাটালিয়ন (৯ বিজিবি) এর বড়লিংছড়া বিওপি'র সাথে প্রতিপক্ষ ১৯৯ বিএসএফ ব্যাটালিয়নের কামতুলী বিএসএফ ক্যাম্পের সাথে বিজিবি-বিএসএফ যৌথ টহল পরিচালিত হয়।



২৪ এপ্রিল ২০২১ তারিখে রামু ব্যাটালিয়ন (৩০ বিজিবি) এর বাৎসরিক ক্ষুদ্রাস্ত্র ফায়ারিং অনুশীলনের স্থিরচিত্র।

